

(2)

Ex./BANGLA/UG/4.2/60/2018

৪. ‘মিবাররাজ’ আদৌ কোনো ঐতিহাসিক উপন্যাস নয়, একটি কাল্পনিক আখ্যানে ইতিহাসের দুএকটি ব্যক্তি উপস্থিত আছেন – এই মাত্র। এই মন্তব্যের যথার্থ্য বিচার করো। ৮

কলাস্নাতক অন্ত্য-সিমেন্টার পরীক্ষা, ২০১৮
(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেন্টার)

বাংলা

উনিশ শতকের বাংলা সাহিত্য (পর্ব ১)

কোর্স ইউ.জি - ৪.২

৫. ‘সীতার বনবাস’ কি কোনোভাবে মেয়েদের সামাজিক অবস্থান বিষয়ে পুরুষতান্ত্রিক আদর্শকে প্রশ্ন করে? – এ ব্যাপারে তোমার মত জানাও। ১০

সময় ২ ঘণ্টা

পূর্ণমান ৩০

অথবা

৬. ‘কমলাকান্তের দপ্তরে’ বঙ্কিমচন্দ্রের আসল মুন্সিয়ানা কমলাকান্তের পরিকল্পনায় মন্তব্যটি বিচার করে এ বিষয়ে তোমার মত প্রতিষ্ঠা করো। ১০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

৭. “যদি কেহ এমন কথা বলেন যে, যে সমাজবন্ধনে এমন সর্বনেশে শাস্তপ্রাকৃতিকতা জন্মে, সে সমাজবন্ধন ভাল নয়, তাঁহাকে দুইটি কথা বলিব।” – এ প্রসঙ্গে যে ‘দুইটি কথা’ ভূদেব মুখোপাধ্যায় বলেন, তা তোমার কাছে কতদূর গ্রহণযোগ্য? প্রসঙ্গটি বিশ্লেষণ করে তোমার মত প্রতিষ্ঠা করো। ১০

১ক. ‘কৃষ্ণকান্তের উইল’-এর পত্রিকা পাঠ ও শেষগ্রন্থ সংস্করণের পাঠে রোহিণীর ও উপন্যাসের পরিণতির যে সব বদল দেখা যায়, তা কি উপন্যাস পড়ায় তাৎপর্যপূর্ণ হয়ে উঠতে পারে বলে তোমার মনে হয়? আলোচনা করো। ১০

অথবা

৮. ‘অন্তঃপুরের স্ত্রীলোকদের’ সঙ্গে ‘শিক্ষিতা মহিলা’দের সম্মিলনের প্রস্তাব দেন স্বর্ণকুমারী তাঁর ‘একটি প্রস্তাব’ প্রবন্ধে। কী এমন প্রয়োজন দেখা দিল যে উনিশ শতকের এই শিক্ষিতা লেখিকা এমন প্রস্তাব দিলেন? বিষয়টি আলোচনা করে তোমার মত জানাও।

২. ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসে কাহিনি বর্ণনা মাঝেমাঝেই থামিয়ে দেন কথক, আড়াল থেকে সরে এসে কথা বলতে শুরু করেন পাঠকের মধ্যে। উপন্যাসে কথনের এই বৈশিষ্ট্য তোমাকে কীভাবে ভাবায়? ৩+৭=১০

৩. ‘মিবাররাজ’ প্রতিষ্ঠার পিছনে আসলে ছিল এক গুচ্ছ ভ্রান্তি ও অবিশ্বাস। স্বর্ণকুমারী দেবীর ‘মিবাররাজ’ উপন্যাসটি সম্পর্কে এই মন্তব্য কতদূর গ্রহণীয় বলে তুমি মনে কর? ১০

অথবা

— X —

(Turn Over)